

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-১৪

২২ এপ্রিল ২০১০  
তারিখঃ -----  
৯ বৈশাখ ১৪১৭

প্রধান নির্বাহী,  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক পরিচালক সম্পর্কিত তথ্য প্রচার প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ ও ০২ তারিখ যথাক্রমে ০১ জানুয়ারী ২০০৩ এবং ২৩ মার্চ ২০০৩ এর নির্দেশনা অনুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো তাদের এবং অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের ঋণ বিবরণী অত্র বিভাগে প্রেরণ করে থাকে। প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের হালনাগাদ তালিকা সংরক্ষিত না থাকায় ঋণ বিবরণী/তথ্য প্রেরণে অসুবিধা পরিলক্ষিত হচ্ছে।

এ প্রেক্ষিতে ব্যাংকসমূহকে নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হলো :

- ১। বাংলাদেশে নিবন্ধিত ব্যাংকসমূহকে তাদের পরিচালকদের একটি হালনাগাদ তালিকা অত্র সার্কুলার জারির ০৭(সাত) দিনের মধ্যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে;
- ২। পরিচালক নিযুক্তি কিংবা উক্ত পদ হতে অব্যাহতির পরে এতদসংক্রান্ত তথ্য সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে;
- ৩। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরিত পরিচালকদের তালিকার একটি কপি অত্র বিভাগে প্রেরণ করতে হবে;
- ৪। ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিচালকদের হালনাগাদ তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক অত্র বিভাগে প্রেরণ করতে হবে ;

SL No.	Name	Designation	Father's, Mother's & Spouse's name	Address		Date of first Appointment	Date of last Appointment/ Reappointment	Intervals between each subsequent Appointment.	Percentage of share holding of the Director and his/her family members of the total shares of the bank as per section 14(ka)of the Banking Companies Act, 1991.
				Present (Business)	Permanent				

৫। বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখঃ ২৮ জানুয়ারী ২০১০ অনুসরণপূর্বক ঘোষণাপত্র, হালনাগাদ সিআইবি রিপোর্ট, পরিচালক সংশ্লিষ্ট তথ্যাদি এবং পরিচালকদের হালনাগাদ তালিকা উপরোক্ত ছক মোতাবেক অত্র বিভাগে প্রেরণ করতে হবে;

৬। পরিচালক নিযুক্তি/ অব্যাহতির পর ওয়েবসাইটে তা সংযোজন করতে হবে এবং নিয়মিতভাবে তা হালনাগাদ করতে হবে;

৭। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের হালনাগাদ তালিকা সকল ব্যাংককে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় প্রদত্ত ক্ষমতাবলে এই সার্কুলার জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

আপনাদের বিশৃঙ্খল,

(মোঃ সোহরাওয়ার্দী)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১১৭৮২৫